# Times Today BD

দেওয়ান গিয়াস উদ্দিন | জেলার খবর | 27 March, 2025

জুলাই-আগস্টে ছাত্র-জনতার বৈষম্যবিরোধী আন্দোলনে দুই চোখে দৃষ্টিশক্তি হারানো নোয়াখালীর কবিহাট উপজেলার ছাত্রদল নেতা আমজাদকে ঈদুল ফিতর উপলক্ষে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান অর্থ সহায়তাসহ শুভেচ্ছা বার্তা পাঠিয়েছেন।

শুক্রবার (২৮ মার্চ) সকালে আমরা বিএনপি পরিবার ফাউন্ডেশনের পক্ষ থেকে উপজেলার ধানসিঁড়ি ইউনিয়নের ৯নম্বর ওয়ার্ডের চিরিঙ্গা বাজার এলাকায় আমজাদের বাড়িতে গিয়ে তার হাতে অর্থ সহায়তাসহ ঈদ শুভেচ্ছা বার্তা তুলে দেন উপজেলা ও কবিরহাট কলেজ ছাত্রদলের নেতারা।

কবিরহাট উপজেলা ছাত্রদলের সাবেক আহ্বায়ক মহসিন রিয়াজ জানান, আমজাদ হোসেনের বাড়িতে গিয়ে তার কাছে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের পক্ষ থেকে অর্থসহায়তা ও ঈদ কার্ড দেওয়া হয়।জুলাই-আগস্ট আন্দোলনে ঢাকার যাত্রা বাড়িতে আমজাদ দুটি চোখে স্প্লিন্টারবিদ্ধ হয়ে দৃষ্টিশক্তি হারান।

এ সময় উপস্থিত ছিলেন, কবিরহাট উপজেলা ছাত্রদলের সাবেক আহ্বায়ক মহসিন রিয়াজ, সাবেক সদস্য সচিব ইয়াছিন ফরহাদ, উপজেলা ছাত্রদলের সাবেক যুগ্ম আহবায়ক জহিরুল ইসলাম জহির, কবিরহাট সরকারি কলেজ ছাত্রদলের সভাপতি সাইফুল ইসলাম আকাশ প্রমূখ।

বৈষম্যবিরোধী আন্দোলন বিএনপি,

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 09:25

URL: https://www.timestodaybd.com/public/countrywide/886686132